

সেন্ট্রাল শরীয়াহ্ বোর্ড ফর ইসলামিক ব্যাংকস্ অব বাংলাদেশ
বাড়ি # ১৪৫ (ফ্ল্যাট # ৭০৪), রোড # ৩, ব্লক # এ, নিকেতন, গুলশান-১, ঢাকা-১২১২।


রচনা প্রতিযোগিতা

সেন্ট্রাল শরীয়াহ্ বোর্ড ফর ইসলামিক ব্যাংকস্ অব বাংলাদেশ নিম্নবর্ণিত বিষয়ের উপর ৭ম রচনা প্রতিযোগিতা আহ্বান করছে। প্রত্যেক গ্রুপে ১ম, ২য় ও ৩য় স্থান অধিকারীকে ক্রেস্ট ও সার্টিফিকেটসহ যথাক্রমে নগদ ৩০,০০০/- (ত্রিশ হাজার), ২০,০০০/- (বিশ হাজার) ও ১৫,০০০/- (পনের হাজার) টাকা করে সম্মানী প্রদান করা হবে।

ক্র/নং	গ্রুপ পরিচিতি	রচনার বিষয়	শব্দসংখ্যা (কমপক্ষে)
১ম	এইচএসসি, আলিম, এসএসসি, দাখিল ও কওমি মাদরাসার সমমান পর্যায়ের শিক্ষার্থী	ইসলামী ব্যাংকিং ও ফাইন্যান্সের উৎপত্তি ও ক্রমবিকাশ : প্রেক্ষিত বাংলাদেশ (২০১৮ সাল পর্যন্ত)	১৫,০০০ (পনের হাজার)
২য়	স্নাতক, স্নাতকোত্তর, এমফিল, পিএইচডি গবেষক এবং আলিয়া ও কওমি মাদরাসার সমমান পর্যায়ের শিক্ষার্থী	আর্থ সামাজিক উন্নয়নে ইসলামী ব্যাংকিং ও ফাইন্যান্সের অবদান : প্রেক্ষিত বাংলাদেশ	২০,০০০ (বিশ হাজার)
৩য়	বয়স ও পেশা উন্মুক্ত	ইসলামী ব্যাংকিং ও ফাইন্যান্স প্রতিষ্ঠায় বিভিন্ন ব্যক্তি ও প্রতিষ্ঠানের অবদান : প্রেক্ষিত বাংলাদেশ	৩০,০০০ (ত্রিশ হাজার)

নিয়মাবলী :

১. রচনা A4 সাইজের কাগজের অপর পার্শ্ব খালি রেখে এক পার্শ্বে কম্পিউটার কম্পোজকৃত হতে হবে।
২. রচনা বাংলা ভাষায় হতে হবে। উদ্ধৃতির ক্ষেত্রে বাংলা অনুবাদসহ মূল ভাষার ব্যবহার করতে হবে এবং যথাযথভাবে বিস্তারিত তথ্যসূত্র উল্লেখ করতে হবে।
৩. পুরস্কারপ্রাপ্ত রচনার স্বত্ব সেন্ট্রাল শরীয়াহ্ বোর্ডের জন্য সংরক্ষিত থাকবে। প্রয়োজনে বোর্ড তা মুদ্রিত আকারে প্রকাশ করতে পারবে।
৪. প্রতিযোগী শিক্ষার্থী হলে পরিচয়পত্রের ফটোকপি অথবা প্রতিষ্ঠান/বিভাগীয় প্রধানের প্রত্যয়নপত্র সংযুক্ত করতে হবে।
৫. রচনার সাথে ২ (দুই) কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি এবং সংক্ষিপ্ত বায়োডাটা (নাম, পিতার নাম, মাতার নাম, জন্ম তারিখ, শিক্ষাগত যোগ্যতা, স্থায়ী ও বর্তমান যোগাযোগের ঠিকানা, ই-মেইল ঠিকানা, মোবাইল নম্বর ও তারিখসহ স্বাক্ষর) প্রদান করতে হবে।
৬. রচনার সাথে এই মর্মে অঙ্গীকারনামা প্রদান করতে হবে যে, “এই রচনা লেখকের নিজস্ব। রচনাটি অন্য কোনও রচনার অবিকল নকল বা ছবছ অনুবাদ নয়।”
৭. একজন প্রতিযোগী একাধিক বিষয়ে অংশগ্রহণ করতে পারবেন না।
৮. রচনা অবশ্যই বস্তুনিষ্ঠ, তথ্যসমৃদ্ধ, মানসম্পন্ন ও প্রামাণ্য হতে হবে।
৯. বিচারকমন্ডলীর সিদ্ধান্ত ও ফলাফলই চূড়ান্ত বলে বিবেচিত হবে। দাখিলকৃত রচনা ও অন্যান্য ডকুমেন্ট অফেরতযোগ্য। রচনার ফটোকপি গ্রহণযোগ্য নয়।
১০. রচনার অবিকল সফট কপি (Word Format : SutonyMJ, Font Size : 14, Version : 2007) (csbibinfo@yahoo.com) ই-মেইল এড্রেসে প্রেরণ করতে হবে।
১১. রচনা আগামী ৩১ মার্চ ২০১৯ ঈসায়ী তারিখের মধ্যে ‘সেক্রেটারি জেনারেল, সেন্ট্রাল শরীয়াহ্ বোর্ড, বাড়ি নং # ১৪৫ (ফ্ল্যাট # ৭০৪), রোড নং # ৩, ব্লক # এ নিকেতন, গুলশান- ১, ঢাকা-১২১২’ বরাবর পৌঁছাতে হবে।



- সেক্রেটারি জেনারেল